

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৫৮

২১. উত্তরাধিকার অধ্যায় (کتاب الفرائض)

পরিচ্ছেদঃ ৩১. ওয়ালা (মালিকানা স্বত্ব) সম্পর্কে

باب الْوَلَاءِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا إِسْرَائِيلُ حَدَّثَنَا الْأَشْعَثُ عَنْ الشَّعْبِيِّ فِي امْرَأَةٍ أَعْتَقَتْ أَبُاهَا فَمَاتَ الْأَبُ وَتَرَكَ أَرْبَعَ بَنَاتٍ هِيَ إِحْدَاهُنَّ قَالَ لَيْسَ عَلَيْهِ مِنَّةٌ لَهُنَّ الثُّلُثَانِ وَهِيَ مَعَهُنَّ مَعَهُنَّ

বাংলা

৩০৫৮. আশআস ইবনু সিওয়ার হতে বর্ণিত, শা'বী (রহঃ) কে এমন এক মেয়ে সম্পর্কে জিজ্ঞেস করা হলো যে তার পিতাকে (দাস অবস্থায় পেয়ে ক্রয় করে) মুক্ত করে দিলো। এরপর পিতা লোকটি এ মেয়েটিসহ চারটি কন্যা রেখে মৃত্যুবরণ করলো। তিনি বললেন, সে লোকটির উপর অনুগ্রহের কোনো দায়িত্ব নেই; তাদের সকলে মিলে দুই তৃতীয়াংশ পাবে। আর সে মেয়েটিও তাদের সাথেই পেয়ে থাকবে।[1]

ফুটনোট

[1] তাহকীক্ন: সনদটি যয়ীফ আশআস ইবনু সিওয়ারের দুর্বলতার কারনে। আর এটি শা'বী হতে মাওকুফ হিসেবে বর্ণিত।

তাখরীজ: এটি আমি আর কোথাও পাইনি। দেখুন, আব্দুর রাযযাক আল মুসান্নাফ নং ১৬২১৩ টি দেখুন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন